

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শৃঙ্খলা বিষয়ক শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

স্মারক নং ৩৭.০০.০০০০.০৯৫.০৯৯.২৭.২০২৩. ২৪৩


তারিখ: ২৮ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ  
১২ মার্চ ২০২৪ খ্রি.

বিষয়: জনাব নৃপেন্দ্র চন্দ্র দাশ তালুকদার, অধ্যক্ষ, বিবিয়ানা মডেল কলেজ, দিরাই, সুনামগঞ্জ এর বিরুদ্ধে ৫,২৮,৮৫৪/- টাকা এবং কলেজের ৭২ টি গাছ বিধি বহির্ভূতভাবে কেটে আত্মসাত করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় কেন এমপিও বাতিল, বিভাগীয় ও ফৌজদারী মামলা দায়ের করা হবে না এ বিষয়ে কারণ দর্শানোর নোটিশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব নৃপেন্দ্র চন্দ্র দাশ তালুকদার, অধ্যক্ষ, বিবিয়ানা মডেল কলেজ, দিরাই, সুনামগঞ্জ এর বিরুদ্ধে নারী কেলেঙ্কারী ও কলেজের ৭২ টি গাছ অবৈধভাবে কেটে বিক্রি করে টাকা আত্মসাৎ করা, কলেজ তহবিল হতে ১৪,০০,০০০/- (চৌদ্দ লক্ষ) টাকা আত্মসাত করা ও অধ্যক্ষ কলেজের চেক ব্যক্তিগত ব্যবসায় ব্যবহার করার অভিযোগগুলো পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা থেকে তদন্ত করা হয়। তদন্ত কমিটির মতামত নিম্নরূপ:

- (i) ২০১৮-২০১৯ অর্থ বছরের সমাপনী জের ও ২০১৯-২০২০ অর্থ বছরের প্রারম্ভিক জেরে দেখা যায় ৫,২৮,৮৫৪/- টাকা আত্মসাত;
- (ii) ২০১৬-২০১৭ থেকে ২০১৮-২০১৯ অর্থ বছরে অধ্যক্ষ সাহেব ৫৫,১৯,১৭১/- টাকা নগদে ব্যয় পরিশোধ করেন; যা বিধি বহির্ভূত ও গুরুতর আর্থিক অনিয়ম;
- (iii) কলেজের প্রায় ৭২ টি ছোট বড় গাছ কাটার অভিযোগ;
- (iv) কলেজের নামীয় অগ্রণী ব্যাংক লিমিটেড দিরাই শাখার চলতি হিসাব নং-০২০০০০২৪০৪২৫৯ এর ০২ (দুই) টি চেক জালিয়াতি।

২। এমতাবস্থায়, জনাব নৃপেন্দ্র চন্দ্র দাশ তালুকদার, অধ্যক্ষ, বিবিয়ানা মডেল কলেজ, দিরাই, সুনামগঞ্জ এর বিরুদ্ধে ৫,২৮,৮৫৪/- টাকা এবং কলেজের ৭২ টি গাছ বিধি বহির্ভূতভাবে কেটে আত্মসাত করার ও কলেজের নামীয় অগ্রণী ব্যাংক লিমিটেড দিরাই শাখার চলতি হিসাব নং-০২০০০০২৪০৪২৫৯ এর ০২ (দুই) টি চেক জালিয়াতির মামলা চলমান থাকার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় জনবল কাঠামা ও এমপিও নীতিমালা-২০২১ এর ১৮.১(খ) ধারা অনুযায়ী আপনার কেন এমপিও বাতিল, বিভাগীয় ও ফৌজদারী মামলা দায়ের করা হবে না, তাঁর জবাব এ আদেশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মো: শাহীনুর ইসলাম)  
উপসচিব

জনাব নৃপেন্দ্র চন্দ্র দাশ তালুকদার  
অধ্যক্ষ  
বিবিয়ানা মডেল কলেজ, দিরাই, সুনামগঞ্জ।  
অনুলিপি:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।